রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৪, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

পিটিসি শাখা

প্রজ্ঞাপন

তারিখঃ ১৯শে বৈশাখ, ১৪০০/২রা মে, ১৯৯৩

এস, আর, ও, নং ৮০-আইন/৯৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরোনামা।—এই বিধিমালা পরিবহন খাত সমীক্ষা প্রকল্প (পরিকল্পনা কমিশন) কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে;

(খ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;

(গ) "নির্দিষ্টকৃত পদ" বলিতে তফসিলে উল্লিখিত কোন পদকে বুঝাইবে;



মূল্যঃ টাকা ২.০০

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকারকে বুঝাইবে এবং কোন নির্দিষ্টকৃত পদ অথবা পদশ্রেণীর সহিত সম্পর্কিত ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতাপ্রদত্ত যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(ঙ) "প্রকল্প" বলিতে পরিকল্পনা কমিশনের 'বাংলাদেশের পরিবহন খাত সমীক্ষা প্রকল্প' বুঝাইবে;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত কোন নির্দিষ্টকৃত পদের যোগ্যতাকে বুঝাইবে;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য যে কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত ইহার হইবে;

(জ) "স্বীকৃত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য যে কোন শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলের বিধানাবলী এবং সংবিধানের ২৯ অনুচ্ছেদে বিধৃত সংরক্ষণ সংক্রান্ত বিধানাবলীর পরিপ্রেক্ষিতে সরকার কর্তৃক জারীকৃত নির্দেশাবলী সাপেক্ষে, কোন নির্দিষ্টকৃত পদে নিম্নে বিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) প্রেষণে বদলীর মাধ্যমে।

৪। সরাসরি নিয়োগ।—(১) এই ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত নিয়োগ কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্টকৃত পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন ব্যক্তি কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি—

(ক) তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে;

(খ) তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়;

(গ) তিনি বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল্ড না হন; অথবা

(ঘ) তিনি এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি না—

(ক) নির্দিষ্টকৃত পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য সম্পর্কে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড বা তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যায়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা নির্দিষ্টকৃত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য সংস্থার মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োগের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন সংবিধিবদ্ধ বা স্বায়ত্বশাসিত কর্তৃপক্ষের চাকুরীতে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। চাকুরীর অবসান।—(১) প্রকল্পের মেয়াদ শেষ হইলে বা তৎপূর্ব কোন কারণে প্রকল্পের কার্যক্রম বন্ধ হইলে নিম্নবর্ণিতভাবে কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগপ্রাপ্ত চাকুরীর অবসান হইবে, যথাঃ—

(ক) প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার দিনে; বা

(খ) প্রকল্পের কার্যক্রম বন্ধ হওয়ার দিনে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন না করিয়া—

(ক) এক মাসের লিখিত নোটিশ প্রদান করিয়া, বা

(খ) এক মাসের বেতন অগ্রিম প্রদান করিয়া,

নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগকৃত কোন ব্যক্তির চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন এবং উক্তরূপে চাকুরী অবসানের কারণে উক্ত ব্যক্তি কোন ক্ষতিপূরণ পাইবেন না।

তফসিল

(বিধি ২(খ) দ্রষ্টব্য)

| ক্রমিক নং | নির্দিষ্টকৃত পদের নাম | সরাসরি নিয়োগের বয়সসীমা। | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | কম্পিউটার প্রোগ্রামার | অনূর্ধ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগ বা প্রেষণে বদলীর মাধ্যমে। | সরাসরি নিয়োগ ঃ<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, পরিসংখ্যান, গণিত, ফলিত পদার্থবিদ্যা অথবা বাণিজ্যে সম্মানসহ কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী,<br>অথবা,<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান অথবা ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রী; এবং<br>(খ) সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রফেসনাল কম্পিউটার সোসাইটির মেম্বার বা এসোসিয়েট মেম্বার; এবং<br>(গ) কম্পিউটার প্রোগ্রামিং কাজে ৪ বৎসরের অভিজ্ঞতা, তবে কম্পিউটার বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের ক্ষেত্রে উক্ত অভিজ্ঞতা ২ বৎসর হইলেও চলিবে।<br>প্রেষণে বদলী ঃ<br>কোন সরকারী অফিসের সংশ্লিষ্ট লাইনের সমমানের পদে নিয়োজিত হইতে হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | প্রশাসনিক কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা | অনূর্ধ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগ বা প্রেষণে বদলীর মাধ্যমে। | সরাসরি নিয়োগঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে।<br>প্রেষণে বদলী ঃ<br>কোন সরকারী অফিসে সংশ্লিষ্ট লাইনের সমমানের পদে নিয়োজিত হইতে হইবে। |
| ৩ | ইনভেস্টিগেটর | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগ বা প্রেষণে বদলীর মাধ্যমে। | সরাসরি নিয়োগ ঃ<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান অর্থনীতি, গণিত অথবা বাণিজ্য-এর যে যে কোন একটি বিষয়সহ স্নাতক ডিগ্রী। তবে তথ্য সংগ্রহ এবং প্রসেসিং-এর কাজে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>প্রেষণে বদলী ঃ<br>কোন সরকারী অফিসে সংশ্লিষ্ট লাইনের সমমানের পদে নিয়োজিত হইতে হইবে। |
| ৪ | ডাটা প্রসেস-কাম-এন্ট্রি অপারেটর | অনূর্ধ ৩০ বৎসরর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেনিংপ্রাপ্ত; এবং<br>(খ) অবশ্যই প্রাকটিক্যাল পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫ | সেক্রেটারী/স্টেনো-টাইপিস্ট | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাস; এবং<br>(খ) প্রতি মিনিটে শর্টহ্যাণ্ড ইংরেজীতে ৭০ শব্দের ও বাংলায় ৪৫ শব্দের গতি এবং টাইপিংয়ে ইংরেজীতে ২৮ শব্দের ও বাংলায় ২৩ শব্দের গতি থাকিতে হইবে। অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬ | গাড়ীচালক | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাসসহ হালকা/ভারী যানবাহন চালনার অনুমোদিত ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে; তবে মোটর মেকানিক হিসাবে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭ | এম. এল. এস. এস | অনূর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাস। |

রাষ্ট্রপতির আদেশক্রমে
ডঃ একরাম হোসেন
সচিব।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।